ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
সম্পত্তি বিভাগ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.১০.০০০০.০২০.০০.৪৭৫.১৭

তারিখঃ ২১ / ০৬/ ২০১৭ খ্রিঃ

দরপত্র বিজ্ঞপ্তি

০১.	মন্ত্রণালয়/বিভাগ	ঃ	স্থানীয় সরকার, পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ।
০২.	সংস্থার নাম	ঃ	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
০৩.	দরপত্র আহবানকারী বিভাগ	ঃ	সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
০৪.	প্রকিউরমেন্ট মেথড	ঃ	বাংলাদেশ ফরম নং- "pw-1" সংযুক্ত দরপত্র সিডিউল ক্রয় করতে হবে এবং সীলমোহরকৃত দরপত্র দাখিলের সময় খামের উপর হাটের নাম উল্লেখ করতে হবে।
০৫.	ইজারার মেয়াদ কাল	ঃ	ঈদুল আযহার ঘোষিত ঈদের দিনসহ তৎপূর্ব ৩ (তিন) দিন।
০৬.	জামানতসহ দরপত্রের সাথে যে সকল দলিল জমা দিতে হবে।	ঃ	(১) ব্যক্তির ক্ষেত্রে পাসপোর্ট সাইজের ছবি-২ কপি। (২) কাউন্সিলর/ চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত জাতীয় সনদপত্র বা জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি। (৩) টি আই এন সার্টিফিকেটের সত্যায়িত কপি (৪) কোম্পানীর ক্ষেত্রে ট্রেড লাইসেন্সের ফটোকপি দরপত্র দলিলের সাথে সংযুক্ত করতে হবে (৫) উদ্ধৃত দরের উপর ৩০%(শতকরা ত্রিশ ভাগ) জামানতের অর্থ ঢাকাস্থ যে কোন সিডিউল ব্যাংক হতে মাননীয় মেয়র এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট দরপত্রের সাথে জমা দিতে হবে (৬) সিডিউল ক্রয়ের চালান কপি।
০৭.	সিডিউল ক্রয়ের টাকা জমা দেয়ার খাত	ঃ	প্রতিটি হাটের জন্য ভিন্ন ভিন্ন সিডিউল মুল্য বাবদ নির্ধারিত অর্থ ব্যাংক চালানের মাধ্যমে চলতি হিসাব নং ৩৩০০০৪১১৮, সোনালী ব্যাংক গুলশান নিউ নর্থ সার্কেল টাকা জমাদান পূর্বক উপর্যুক্ত কার্যালয় সমুহ হতে অফিস চলাচালীন সময় পর্যন্ত সিডিউল ক্রয় করা যাবে।
০৮.	সিডিউল বিক্রির স্থান ও সময়।	ঃ	(১) কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, (২) কেন্দ্রীয় হিসাব বিভাগ (নগর ভবন) গুলশান সেন্ট্রাল পয়েন্ট, প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২ (৫) প্রধান সম্পত্তি কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে হতে অফিস চলাকালীন সময়ে সিডিউল বিক্রয় করা হবে।
০৯.	দরপত্র জমা দেয়ার স্থান	ঃ	(১) কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, (৩) প্রধান সম্পত্তি কর্মকর্তার দপ্তর, গুলশান সেন্ট্রাল পয়েন্ট, ১০ম তলা, প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সকল আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার কার্যালয়, ঢাকা।
১০.	দরপত্র খোলার স্থান	ঃ	প্রধান সম্পত্তি কর্মকর্তার দপ্তর, গুলশান সেন্ট্রাল পয়েন্ট, ১০ম তলা, প্লট নং ২৩-২৬, রোড নং ৪৬, গুলশান-২ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

১১. সিডিউল ক্রয়ের তারিখ দরপত্র জমা দেয়ার তারিখ ও খোলার সময় নিম্নরূপঃ

দরপত্র আহবানের পর্যায়ে	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স ও খাম খোলার তারিখ ও সময় (দরদাতা বা প্রতিনিধির উপস্থিতিতে যদি কেহ থাকে)।
১ম	১২/০৭/২০১৭ খ্রিঃ বুধবার	১৩/০৭/২০১৭ খ্রিঃ বৃহস্পতিবার ৯.০০ টা হতে ১২.৩০ পর্যন্ত।	১৩/০৭/২০১৭ খ্রিঃ বৃহস্পতিবার বিকাল-৩.০০
২য়	২৬/০৭/২০১৭ খ্রিঃ বুধবার	২৭/০৭/২০১৭ খ্রিঃ বৃহস্পতিবার ৯.০০ টা হতে ১২.৩০ পর্যন্ত।	২৭/০৭/২০১৭ খ্রিঃ বৃহস্পতিবার বিকাল-৩.০০
৩য়	০৯/০৮/২০১৭ খ্রিঃ বুধবার	১০/০৮/২০১৭ খ্রিঃ বৃহস্পতিবার ৯.০০ টা হতে ১২.৩০ পর্যন্ত।	১০/০৮/২০১৭ খ্রিঃ বৃহস্পতিবার বিকাল-৩.০০

১২.	গৃহীত দরপত্রের ক্ষেত্রে অর্থ জমা প্রদান ও কার্যাদেশ গ্রহণ।	ঃ	দরপত্র গৃহীত হওয়ার ৩ (তিন) দিনের মধ্যে (১) দরমুল্যঃ জামানত ব্যতীত অবশিষ্ট অর্থ। (২) ১৫% (শতকরা পনের ভাগ) মূল্য সংযোজন কর (৩) ৫% (শতকরা পাঁচ ভাগ) আয়কর (৪) ৫% হারের জামানত (৫) নির্ধারিত হারে পরিচ্ছন্ন ফি মাননীয় মেয়র,ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর অনুকূলে ঢাকাস্থ যে কোন সিডিউল ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমাদান পূর্বক কার্যাদেশ গ্রহণ করতে হবে।
১৩.	বিবিধ	ঃ	(১) এই বিষয়ে শর্ত ও নিয়মাবলি সম্পত্তি বিভাগ হতে (অফিস চলাকালীন সময়ে) জানা যাবে। বিজ্ঞপ্তিটি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়েব সাইট (www.dncc.gov.bd) পাওয়া যাবে। (২) শর্তাবলী সিডিউলের অংশ হিসাবে গন্য হবে। (৩) কর্তৃপক্ষ তালিকা হতে যে কোন হাট বাতিল করতে পারবে। (৪) উপর্যুক্ত বিষয় সমুহে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(অপর পৃষ্টায় দ্রষ্টব্য)।

১৪. কাজের বিববণঃ আসন্ন ঈদুল আযহা-২০১৭ উপলক্ষ্যে অস্থায়ী কোরবানীর পশুর হাট ইজারা (যেখানে যে অবস্থায় রয়েছে)।

ক্রমিক নং	অস্থায়ী হাটের নাম	সিডিউল মুল্য (নীতিমালা অনুসারে, অফেরত যোগ্য)	পরিচ্ছন্ন ফি
০১.	উত্তরা ১৫নং সেক্টরের ১ম গোলচত্বর সংলগ্ন খালি জায়গা।	২০,৬০০/-	১,৫০,০০০/-
০২.	খিলক্ষেত বনরূপা আবাসিক প্রকল্পের খালি জায়গা	২০,৬০০/-	১,৫০,০০০/-
০৩.	আশিয়ান সিটি হাউজিং পশুর হাট	১৪,২০০/-	১,৫০,০০০/-
০৪.	খিলক্ষেত ৩০০ ফুট সড়ক ও দক্ষিণ পার্শ্বের বসুন্ধরা প্রাচীরের মধ্যবর্তী ফাঁকা জায়গা	২০,০০০/-	১,৫০,০০০/-
০৫.	ভাটারা (সাইদ নগর) পশুর হাট	৩,৮০০/-	১.৫০,০০০/-
০৬.	বাড্ডা ইষ্টার্ণ হাউজিং (আফতাব নগর) এর পূর্বাংশের খালি জমি।	১৩,২০০/-	১,৫০,০০০/-
০৭.	মোহাম্মদপুর বুদ্ধিজীবি সড়ক সংলগ্ন (বছিলা) পুলিশ লাইনের খালি জায়গা	২০,০০০/-	১,৫০,০০০/-
০৮.	মিরপুর সেকশন-৬, ওয়ার্ড নং-০৬, (ইষ্টার্ণ হাউজিংয়ের খালি জায়গা)।	১১,০০০/-	১,০০,০০০/-
০৯.	মিরপুর ডিওএইচএস সংলগ্ন উত্তর পার্শ্বের সেতু প্রোপার্টি হাউজিং এর ফাঁকা জায়গা।	২০,০০০/-	১,৫০,০০০/-

২১/০৬/১৭

(মোঃ আমিনুল ইসলাম)
প্রধান সম্পত্তি কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,ঢাকা।
ফোন নং-৯৮৫০৯২২

স্মারক নং-৪৬.১০.০০০০.০২০.০০.৪৭৫১৭ তাং-২১/৬/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালায়, ঢাকা
২। মহাপরিচালক, সিপিটিইউআইএমইডি,পরিকল্পনা মন্ত্রণালয়, ব্লক-১২, (তৃতীয় তলা) শেরে বাংলা নগর, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ঢাকা।
৬। সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৭। ....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
৮। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল- ১, ২, ৩, ৪ ও ৫ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা- সংশ্লিষ্ট এলাকায় মাইকিং এর মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হইল এবং দরপত্র গ্রহন পূর্বক নির্ধারিত তারিখে যথাসময়ে (সীলগালাসহ) সম্পত্তি বিভাগে প্রেরনের জন্য অনুরোধ করা হইল।
৯। কাউন্সিলর, ওয়ার্ড নং-....., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
১১। নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
১২। উপ-পুলিশ কমিশনার, তেজগাঁও বিভাগ, মিরপুর বিভাগ, উত্তরা বিভাগ, গুলশান বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১৩। উপ-পুলিশ কমিশনার ট্রাফিক (..... বিভাগ), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১৪। সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ১২/৪,পশ্চিম ধোলাইরপাড়, শ্যামপুর, ঢাকা।
১৫। সিষ্টেম এনালিষ্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা (বিজ্ঞপ্তিটি কর্পোরেশনের ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
১৬। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,ঢাকা- তাঁহাকে দরপত্র বিজ্ঞপ্তিটি অতি জরুরী ভিত্তিতে বহুল প্রচারিত দুটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রচারের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে অনুরোধ করা হইল।
১৭। প্রধান নির্বাহী কর্মকর্তার ষ্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,ঢাকা।
১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, গুলশান থানা/তেজগাঁও থানা/তেজগাঁও শিল্পাঞ্চল থানা/শেরেবাংলা নগর থানা/মোহাম্মদপুর থানা/আদাবর থানা/দারুস সালাম থানা/শাহ্আলী থানা/কাফরুল থানা/বাড্ডা থানা/খিলক্ষেত থানা/মিরপুর থানা/পল্লবী থানা/বিমান বন্দর থানা/দক্ষিন খান থানা/উত্তরা থানা/উত্তর খান থানা/তুরাগ থানা, ঢাকা।
১৯। হিসাব রক্ষক, হিসাব বিভাগ, নগর ভবন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
২০। অফিস কপি।

২১/০৬/১৭

প্রধান সম্পত্তি কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের এলাকাধীন বিভিন্ন স্থানে অস্থায়ীভাবে কোরবানীর পশুর হাট ইজারার শর্তাবলি ঃ

১. দরপত্রে উদ্বৃত সর্বোচচ দরদাতাকে প্রার্থীত হাটের জন্য অনুমোদিত ডাকের সমুদয় টাকা অনুমতি প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে ঢাকা মহানগরীর যে কোন সিডিউল ব্যাংক হতে মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে ক্রয়কৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে (সম্পত্তি বিভাগ হতে চালান পাশ করতঃ) জমা দিতে হবে।

২. হাটের পরিচ্ছন্ন ফি বাবদ ধার্যকৃত টাকা অনুমতি প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে ঢাকাস্থ যে কোন সিডিউল ব্যাংক হতে মেয়র, ঢাকা উত্তর সিটি করপোরেশন এর অনুকূলে ক্রয়কৃত পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর মাধ্যমে (সম্পত্তি বিভাগ হতে চালান পাশ করতঃ) জমা দিতে হবে।

৩. উদ্ধৃত দরের উপর ১৫% (শতকরা পনের ভাগ) হারে মূল্য সংযোজন কর এবং ৫% (শতকরা পাঁচ ভাগ) হারে আয়কর কার্যাদেশ গ্রহণের পূর্বেই ইজারার টাকা ও পরিচ্ছন্ন ফি'র টাকার সহিত জমা দিতে হবে।

৪. গবাদী পশুর হাট হইতে পশুর বিক্রিত মূল্যের উপর ৫% (শতকরা পাঁচ) টাকা হারে হাসিল (ফিস) আদায় করতে হবে। অতিরিক্ত হাসিল (ফিস) আদায়ের অভিযোগ প্রমাণিত হলে জামানত বাজেয়াপ্তসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

৫. গবাদী পশুর হাট সরকারিভাবে ঘোষিত ঈদের দিন সহ মোট ৪ (চার) দিন চালু থাকবে (অর্থাৎ ঈদের দিন ও তৎপূর্বে তিনদিন)। নির্ধারিত ৪ (চার) দিনের বেশী কোন মতেই হাট বসানো যাবে না এবং কর্পোরেশন কর্তৃক নির্ধারিত স্থানের সীমানার মধ্যে হাট বসাতে হবে

৬. হাটের প্রতিবুথে হাসিল (ফিস) এর ধার্য্যকৃত হার সুন্দর ও স্পষ্টভাবে সাইন বোর্ডে লিখিয়া অবশ্যই প্রকাশ্য স্থানে টাঙ্গাইয়া রাখতে হবে।

৭. ইজারাদার কর্পোরেশনের হাটস্থান, রাস্তাঘাট, মাঠ, দেওয়াল ইত্যাদির কোন প্রকার ক্ষতি করতে পারবে না।

৮. হাটের জন্য নির্ধারিত স্থানের সীমানার মধ্যে যাহাতে হাটের পরিধি সীমাবদ্ধ থাকবে এবং পথচারী, যানবাহন চলাচলের বিঘ্ন সৃষ্টি না হয় ইজারাদার তা নিশ্চয়তা বিধান করবেন।

৯. হাট বসানোর মাধ্যমে পথচারীদের চলাচলের কোন প্রকার বিঘ্ন সৃষ্টি করা যাবে না।

১০. হাটের গবাদী পশু বাঁধিয়া রাখার জন্য বা অন্য কোন কাজে রাস্তার ইলেকট্রিক পিলার ব্যবহার করা যাবে না।

১১. হাটের যে কোন দুর্ঘটনার জন্য ইজারাদার নিজেই দায়ী থাকবেন।

১২. ইজারাদার নিজ দায়িত্বে বৈদ্যুতিক লাইন সংযোগ করবেন এবং সম্পূর্ন বিদ্যুৎ বিল পরিশোধ করবেন। এই বিষয়ে ইজারাদার ঢাকা বিদ্যুৎ সরবরাহ কর্তৃপক্ষের সহিত যোগাযোগ করিবেন। হাটে জেনারেটরের ব্যবস্থা করতে হবে।

১৩. ইজারাদার ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনারের দপ্তরে যোগাযোগ করে হাট চলাকালীন সময়ে হাট এলাকার নিজ খরচে পুলিশ/ আনসার মোতায়েনের ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া হাটের নিরাপত্তার জন্য নিজস্ব কর্মী নিযুক্ত করবেন।

১৪. ইজারাদার জোর পূর্বক কোন পশুকে হাটে প্রবেশ করানোর চেষ্টা করতে পারবে না এবং হাটের আশে পাশের সড়কপথ বা জলপথ দিয়া গমনকারী কোন পশুর উপর জোর পূর্বক কোন হাসিল (ফিস) আদায় করতে পারবে না।

১৫. রাস্তায় যান ও জন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হতে পারে এরূপ রাস্তার পার্শ্বে/রাস্তায় এমন কোন জায়গায় র‍্যাম তৈরী করে গবাদী পশু ট্রাক হতে লোড-আনলোড করা যাবে না। হাটের মধ্যে পার্কিং এর স্থান নির্ধারণ পুর্বক পশু নামানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

১৬. প্রত্যেক দরদাতা কর্তৃক দরদাতার বর্তমান ও স্থায়ী ঠিকানা যেমন- নাম, পিতার নাম, গ্রাম, পোষ্ট, থানা ও জেলা উলেণ্ডখ পূর্বক সংশ্লিষ্ট এলাকার ওয়ার্ড কমিশনার/ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক ইস্যুকুত সনদপত্র এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি অবশ্যই দরপত্রের সাথে জমা দিতে হবে।

১৭. ইজারাদার নিজ ব্যবস্থাপনায় হাটের চৌহদ্দি সংরক্ষণ পুর্বক চৌহদ্দির বাহিরে যাতে পশুর হাট প্রসারিত না হয় তা নিশ্চিত করতে হবে।

১৮. ইজারাদারকে নিজ ব্যবস্থাপনায় হাটের বিভিন্ন স্থানে পর্যাপ্ত সংখ্যক সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে।

১৯. ইজারাদারকে নিজ ব্যবস্থাপনায় হাটে প্রয়োজনীয় সংখ্যক জাল নোট সনাক্তকারী মেশিন স্থাপন করতে হবে।

২০. ইজারাদারকে ডিএনসিসি হতে নির্ধারিত ও গত বছরের সমপরিমান পলিব্যাগ ক্রয় পূর্বক প্রত্যেক পশু ক্রেতার নিকট (পশুর নাড়িভুড়ি ভরে ডাষ্টবিনে ফেলার জন্য) নির্ধারিত মূল্যে আবশিক ভাবে বিক্রয় করতে হবে।

২১. কোন রূপ ঘষা-মাজা, ওভার রাইটিং এবং কাগজ পত্রের অসম্পূর্ণতা পরিলক্ষিত হইলে দরপত্র বাতিল বলে গন্য হবে।

২২. জনস্বার্থে সিটি করপোরেশনের স্বার্থে করপোরেশন কর্তৃক যে কোন শর্ত আরোপ করা হলে উহা ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

২৩. যে কোন দরপত্র গ্রহণ ও বাতিলের সর্বময় ক্ষমতা ঢাকা উত্তর সিটি করপোরেশন কর্তৃপক্ষ সংরক্ষন কররেন।

২৭/৫/১৭

প্রধান সম্পত্তি কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি করপোরেশন,ঢাকা।